

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৯, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও সম্পূরক শুল্ক)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪শে আষাঢ় ১৪০৪ বাং/৮ই জুলাই ১৯৯৭ ইং

এস, আর, ও নং ১৭১-আইন/৯৭/১৭২১/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে ইহার ১২ই জুন, ১৯৯৭ ইংরেজী/২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাংলা তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৫১-আইন/৯৭/১৭০৯/শুল্ক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের (১) নং অনচ্ছেদ এর পরিবর্তে নিম্নরূপ অনচ্ছেদ (১) প্রতিস্থাপিত হইবে; যথা :—

“(১) ট্যাক্সি ক্যাব হিসাবে ব্যবহারের লক্ষ্যে অনুধূর্ন ১৬০০ সি.সি. ইঞ্জিন ক্ষমতা সম্পন্ন নতুন অথবা অনধিক দুই বৎসর ব্যবহৃত মটর গাড়ী ও স্টেশন ওয়াগন, অতঃপর মটর গাড়ী বলিয়া উল্লিখিত, আমদানির ক্ষেত্রে উপরোক্ত শুল্ক রেয়াত সর্বিধা প্রযোজ্য হইবে :

তবে শর্ত থাকে যে, ব্যবহারের সময়কাল মটরগাড়ী তৈরীর পরবর্তী বৎসরের প্রথম দিন হইতে গণনা করা হইবে;”।

( ২৬৩১ )

মূল্য: টাকা ১০০০

২। এই প্রজ্ঞাপন ১২ই জুন, ১৯৯৭ ইংরেজী/২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাংলা তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খাজা গোলাম সারওয়ার  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

দেওয়ান দেলওয়ার হোসেন, (অতিরিক্ত নিয়ন্ত্রক), (উপ-নিয়ন্ত্রকের দায়িত্বে নিয়োজিত),  
বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা, কর্তৃক মৃদুপিত  
মোঃ সিকান্দার আলী মন্ডল, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।